

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”


স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.০৮.০০৩.১২- ১৪৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
১০ মার্চ ২০২৪

স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম জেলার দোহাজারী পৌরসভার মেয়র জনাব মোহাম্মদ লোকমান হাকিম-কে ছেলের চিকিৎসার জন্য ভারত গমনের নিমিত্ত ১১/০৩/২০২৪ তারিখ হতে ৩০/০৩/২০২৪ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে মোট ২০(বিশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে মঞ্জুর করা হলোঃ

- (ক) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার এবং দোহাজারী পৌরসভার কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (গ) তার বিদেশ ভ্রমণকালীন সময়ে প্যানেল মেয়র-১ দোহাজারী পৌরসভার মেয়রের দায়িত্ব পালন করবেন;
- (ঘ) বিদেশে অবস্থানকালে কোন সভা/সমাবেশে অংশগ্রহণ করে রাষ্ট্রের জন্য হানিকর কোন বক্তব্য প্রদান করা যাবে না;
- (ঙ) ভ্রমণ শেষে দেশে ফিরে তিনি যথারীতি সরকারকে অবহিত করবেন এবং
- (চ) বিএসআর পার্ট-১ এর Appendix-৪ এর বিধি-৩৪ অনুযায়ী অনুমোদিত ছুটি ৩৫(পঁয়ত্রিশ) দিনের মধ্যে ভোগ শুরু করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল।


২০/০৩/২০২৪
(মোঃ আব্দুর রহমান)
উপসচিব


ফোনঃ ০২-২২৩৩৫৫৫৭২
E-mail: lgpaura2@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.০৮.০০৩.১২- ১৪৬/১(৬)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০
১০ মার্চ ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা বিনিময়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জনাব মোহাম্মদ লোকমান হাকিম, মেয়র, দোহাজারী পৌরসভা, চট্টগ্রাম।
- ৭। ১ নং প্যানেল মেয়র, দোহাজারী পৌরসভা, চট্টগ্রাম।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


২০/০৩/২০২৪
(মোঃ আব্দুর রহমান)
উপসচিব